গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
একনেক শাখা-১
শেরে বাংলা নগর, ঢাকা।

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

স্মারক : ২০.০০.০০০০.৪১১.০১৬.০৫৫.২১-১৩০

তারিখ: ০১ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ / ১৫ জুন ২০২১ খ্রিঃ

বিষয় : ২০২০-২০২১ অর্থবছরে অনুষ্ঠিত একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরে ০১.০৬.২০২১ তারিখ পর্যন্ত মোট ২৫টি একনেক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে উপস্থাপিত প্রকল্প অনুমোদনের সিদ্ধান্তের পাশাপাশি বিষয়ে ১৪৬টি নির্দেশনা প্রদান করা হয়েছে (তালিকা সংযুক্ত)। উক্ত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, একনেক সভায় প্রদত্ত উক্ত নির্দেশনাসমূহের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদন আগামী ৭(সাত) দিনের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (২৪ পৃষ্ঠা)।

১৫.০৬.২০২১

(নিশাত জাহান)
উপপ্রধান
ফোন: ৯১৮০৮৮৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৬। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন রোড, ঢাকা।
২০। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, ডাক ও টেলিযোগযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২| সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩| সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
২৪| সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫| সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬| সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
২৭| সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮| সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২৯| সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০| সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১| মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২| মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩| মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৪| সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
একনেক শাখা-১

২০২০-২১ অর্থ বছরে অনুষ্ঠিত একনেক সভায় উপস্থাপিত প্রকল্প অনুমোদনের সিদ্ধান্তের পাশাপাশি গৃহীত অন্যান্য সিদ্ধান্ত (প্রদত্ত নির্দেশনা) বাস্তবায়ন অগ্রগতি:

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	১ম সভা, তারিখ: ০৬.০৭.২০২০					
১.	ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন(২য় সংশোধিত)	**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**	১.	(গ) বাংলাদেশ ব্যাংকে বৈদেশিক মুদ্রার রিজার্ভের একটি অংশ সরকারি খাতে গৃহীত লাভজনক প্রকল্পে ঋণ হিসেবে অর্থায়ন সম্ভব কিনা এ বিষয়ে বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করে একটি রূপরেখা/নীতিমালা তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০.০৭.২০২০ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
২.	নওগাঁজেলারধামুইরহাট, পত্নীতলা ও মহাদেবপুর উপজেলাধীন ৩টি প্রকল্পের পুনর্বাসন এবং আত্রাই নদীর ড্রেজিংসহ তীর সংরক্ষণ	পানি সম্পদ মন্ত্রণালয়	২. ৩.	(খ) নদী খনন/পুনঃখননের মাধ্যমে উত্তোলিত বালু অনেক মূল্যবান সামগ্রী তৈরির কাঁচামাল হিসেবে ব্যবহারের উপযোগী বিধায় বালুর অর্থনৈতিক গুরুত্ব বিবেচনা করে তা বাজারজাতকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) পানি সম্পদ মন্ত্রণালয় রেগুলেটর এর কার্যকারিতা ও প্রয়োজনীয়তা পরীক্ষা করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০.০৭.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।	
৩.	গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার পাঁচপীর বাজার- চিলমারী উপজেলা সদর দপ্তরের সাথে সংযোগকারী সড়কে তিস্তা নদীর উপর ১৪৯০ মিঃ দীর্ঘ পিসি গার্ডারসেতু নির্মাণ (২য়সংশোধিত)	**স্থানীয় সরকার বিভাগ**	৪.	(খ) নাব্যতা ও পানির স্বাভাবিক প্রবাহ যাতে কোনভাবে বাঁধাগ্রস্ত না হয় সেদিকে গুরুত্ব দিতে হবে। এছাড়া, দ্রুততার সাথে প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করতে হবে এবং কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে নিয়মিতভাবে তদারকি ও পরিবীক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০.০৭.২০২০ তারিখে অনুমোদন আদেশের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
৪.	চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন ডাকাতিয়া নদীর উপর সেতু নির্মাণ	**স্থানীয় সরকার বিভাগ**	৫.	(খ) নদীর নাব্যতা, পানির স্বাভাবিক প্রবাহ যাতে বাঁধাগ্রস্ত না হয়, সেটি বিবেচনায় নিয়ে সেতু নির্মাণের ডিজাইন করতে হবে। নদীর উপর যথাসম্ভব কম সংখ্যক সেতু নির্মাণের পরিকল্পনা থাকতে হবে, প্রয়োজনে সড়ক নেটওয়ার্ক স্থাপন করে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৯.০৭.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৫.	দিনাজপুর শহর রক্ষা প্রকল্পের পুনর্বাসন এবং দিনাজপুর শহর সংলগ্ন ঢেপা ও গর্ভেশ্বরী নদী সিস্টেম ড্রেজিং/খনন	পানি সম্পদ মন্ত্রণালয়	৬. ৭.	(খ) নদীর পানির প্রবাহ এবং নাব্যতা রক্ষার বিষয়টি বিবেচনা করে প্রকল্প বাস্তবায়ন-পরবর্তীকালে নিয়মিতভাবে মেইনটেন্যান্স ড্রেজিং এর ব্যবস্থা করতে হবে। (গ) কৃষি কাজে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০.০৭.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।	
৬.	ঘোড়াশাল ৩য় ইউনিট রি-পাওয়ারিং প্রকল্প (১মসংশোধিত)	**বিদ্যুৎ বিভাগ**	৮.	(খ) বাংলাদেশ ব্যাংকে বৈদেশিক মুদ্রার রিজার্ভের একটি অংশ সরকারি খাতে গৃহীত লাভজনক প্রকল্পে ঋণ হিসেবে অর্থায়ন সম্ভব কিনা এ বিষয়ে বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করে একটি রূপরেখা/নীতিমালা তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২১.০৭.২০২০ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
	২য় সভা, তারিখ: ১৪.০৭.২০২০					
৭.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন ক্ষতিগ্রস্ত সড়ক অবকাঠামো উন্নয়নসহ নর্দমা ও ফুটপাথ নির্মাণ(২য় সংশোধিত)	**স্থানীয় সরকার বিভাগ**	৯.	(ঘ) ডিএনসিসি, অন্যান্য সিটি কর্পোরেশন এবং পৌরসভাসহ অন্যান্য সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। সম্পদের যথাযথ সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ অন্যান্য সংস্থার উন্নয়ন কর্মকাণ্ডের মধ্যে সমন্বয় সাধন করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৯.০৭.২০২০ তারিখে সংশ্লিষ্ট **বিভাগকে** অনুরোধ করা হয়েছে।	
৮.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুনভাবে অন্তর্ভুক্ত ১৮(আঠারো)টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন (ফেজ-১)	**স্থানীয় সরকার বিভাগ**	১০.	(গ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর পরিচালন বাবদ বিভিন্ন খাতেকৃচ্ছতার সাথে ব্যয় নির্বাহ করতে হবে এবং অন্যান্য খাতে ব্যয় সাশ্রয় করে উন্নয়নমূলক কাজে বিনিয়োগের নিমিত্ত বরাদ্দ বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৯.০৭.২০২০ তারিখে সংশ্লিষ্ট **বিভাগকে**অনুরোধ করা হয়েছে।	
৯.	সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ	**কৃষি মন্ত্রণালয়**	১১.	(খ) দেশে উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির সহজলভ্যতা নিশ্চিত করতে হবে। উদ্ভাবিত যন্ত্রপাতি স্থানীয়ভাবেই তৈরি/এ্যাসেম্বল করার জন্য বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি, ডিজেল প্ল্যান্ট এবং সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ততা তৈরি করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৬.০৮.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
			১২.	(খ) যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহার করে আমদানি নির্ভরতা হ্রাস করতে হবে; সরাসরি যন্ত্রপাতি আমদানি না করে খুচরা যন্ত্রাংশ আমদানি করে স্থানীয়ভাবে এ্যাসেম্বল করার উদ্যোগ গ্রহণ করতে হবে।		
১০.	ভূমি ব্যবস্থাপনা অটোমেশন	**ভূমি মন্ত্রণালয়**	১৩.	(খ) ভূমি ব্যবস্থাপনার সাথে ভূমি রেজিস্ট্রেশনের বিষয়টি সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৮.০৭.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।	
	৩য় সভা, তারিখ: ২১.০৭.২০২০					
১১.	**কুমিল্লা জেলার তিতাস ও হোমনা উপজেলায় তিতাস নদী (লোয়ার তিতাস) পুনখনন**	পানি সম্পদ মন্ত্রণালয়	১৪.	(খ) নদী পুনঃ খননের পর নদীর তীর ও বাঁধ টেকসই করার জন্য নদীর তীরে উপযুক্ত প্রজাতির পরিবেশ বান্ধন বৃক্ষ রোপন করতে হবে	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২১.০৯.২০২০ তারিখে অনুমোদন আদেশের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	
১২.	**গাইবান্ধা জেলারসদর ও সুন্দরগঞ্জ উপজেলার গোঘাট ও খানাবাড়ীসহ পার্শ্ববর্তী এলাকা যমুনা নদীর ডানতীরের ভাঙ্গন হতে রক্ষা**	পানি সম্পদ মন্ত্রণালয়	১৫.	(খ) নদীর তীর ও বাঁধ টেকসই করার জন্য উপযুক্ত প্রজাতির পর্যাপ্ত সংখ্যক পরিবেশ বান্ধব বৃক্ষ রোপন করতে হবে	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৪.০৯.২০২০ তারিখে অনুমোদন আদেশের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
	৪র্থ সভা, তারিখ: ২৮.০৭.২০২০					
১৩.	রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থার পুনর্বাসন	**স্থানীয় সরকার বিভাগ**	১৬.	(গ) রাজশাহী মহানগরীতে আধুনিক পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৭.০৮.২০২০ তারিখে সংশ্লিষ্ট **বিভাগকে**অনুরোধ করা হয়েছে।	
১৪.	ইনকাম সাপোর্ট প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (আইএসপিপি)-যত্ন (৩য় সংশোধিত)	**স্থানীয় সরকার বিভাগ**	১৭. ১৮.	(খ) দ্বৈততা পরিহারসহ সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নের সকল পর্যায়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রণালয়ের সাথে আলোচনা করে সমন্বয়সহ তাদেরকে যথাসময়ে সম্পৃক্ত করতে হবে। (গ) প্রকল্প সমাপ্তির পর এর কার্যক্রম কিভাবে অব্যহত থাকবে তা নির্ধারণ করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৭.০৮.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৫.	আমার বাড়ি আমার খামার প্রকল্প (৪র্থ সংশোধিত)	**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**	১৯. ২০.	(খ) পরনির্ভরশীলতার পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে আত্মনির্ভরশীল তথা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলার মূল উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সমিতির সদস্যদেরকে প্রয়োজনীয় পরামর্শমূলক সহযোগিতা প্রদান করতে হবে এবং ঋণ আদায়সহ অন্যান্য কার্যক্রমে নিয়মিত পরিবীক্ষণ ও তদারকি নিশ্চিত করতে হবে। (গ) আইএমইডি'র আওতায় আলোচ্য প্রকল্পটির একটি প্রভাব মূল্যায়ন (Impact analysis) করতে হবে এবং মূল্যায়ন প্রতিবেদনটি একনেক-এর অবগতির জন্য পেশ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৭.০৮.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
১৬.	মুজিবনগর সেচ উন্নয়ন প্রকল্প	**কৃষি মন্ত্রণালয়**	২১.	(খ) ভূ-গর্ভস্থ পানির ব্যবহার হ্রাস করে ভূ-উপরিস্থ পানির ব্যবহার নিশ্চিতকরণের জন্য বৃষ্টির পানি ধরে রাখার ব্যবস্থা করতে হবে এবং এ উদ্দেশ্যে প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাশয়গুলো যাতে নষ্ট না হয় সে দিকে সংশ্লিষ্ট সকলকে নজর রাখতে হবে	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৭.০৮.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।	
১৭.	খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন	**স্থানীয় সরকার বিভাগ**	২২.	(খ) ওয়াসা এর মত প্রতিষ্ঠানগুলোর সরকারের ওপর আর্থিক নির্ভরশীলতা কমিয়ে স্বাবলম্বী হওয়ার প্রচেষ্টা/উদ্যোগ অব্যাহত রাখতে হবে এবং নিজস্ব তহবিলে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা অর্জন করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৭.০৮.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
	৫ম সভা, তারিখ: ১৮.০৮.২০২০					
১৮.	বারৈয়ারহাট-হেঁয়াকো-রামগড় সড়ক প্রশস্তকরণ	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	২৩.	(ঘ) অফিস ভবন, কর্মকর্তা-কর্মচারিদের জন্য বাসভবন, কিংবা পরিদর্শন বাংলো/গেস্ট হাউজ নির্মাণ ইত্যাদি রাজস্বধর্মী কার্যক্রম উন্নয়ন প্রকল্পে অন্তর্ভুক্তি সাধারণভাবে পরিহার করতে হবে। সংশ্লিষ্ট সংস্থার রাজস্ব বাজেটের আওতায় এ ধরণের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। তবে রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়ন করা সম্ভব না হলে বিশেষ প্রয়োজনে বিক্ষিপ্তভাবে নির্মাণ না করে বিস্তারিত চাহিদার আলোকে দেশব্যাপী অথবা একসাথে কয়েকটি স্থানে এ ধরণের স্থাপনা নির্মাণের জন্য একক প্রকল্প গ্রহণ করা যেতে পারে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৯.	দাউদকান্দি-গোয়ালমারী-শ্রীরায়েরচর (কুমিল্লা)-মতলব উত্তর (ছেঙ্গারচর) জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	২৪.	(খ) কাজের গুণগত মান বজায় রাখতে হবে এবং সড়কেরস্থায়িত্বের জন্য উভয় পার্শ্বে উপযুক্ত প্রজাতির পর্যাপ্ত বৃক্ষ রোপন করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
২০.	**খুলনা সড়ক জোনের আওতাধীন মহাসড়কে বিদ্যমান সরু ও ঝুঁকিপূর্ণ পুরাতন কংক্রিট সেতু/বেইলী সেতুর স্থলে কংক্রিট সেতু নির্মাণ**	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	২৫.	(গ) সেতু নির্মাণের ক্ষেত্রে নির্বিঘ্নভাবে পানি প্রবাহ ও নৌযান চলাচলের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও কর্তৃপক্ষের সাথে বিস্তারিত আলোচনা করে সেতুর ডিজাইন চূড়ান্ত করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়েছে।	
			২৬.	(ঘ) নাব্যতা রক্ষার্থে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ক্যাপিট্যাল ড্রেজিংসহ মেইন্টেন্যান্স ড্রেজিং-এর ব্যবস্থা করতে হবে।		
২১.	তেঁতুলিয়া নদীর ভাঙ্গন হতে পটুয়াখালী জেলাধীন বাউফল উপজেলার ধুলিয়া লঞ্চঘাট হতে বরিশাল জেলাধীন বাকেরগঞ্জ উপজেলার দুর্গাপাশা রক্ষা	পানি সম্পদ মন্ত্রণালয়	২৭.	(খ) নদী ভাঙ্গন প্রবণ এলাকায় নদী ভাঙ্গনের সময় সহজেই স্থানান্তরযোগ্য বিশেষ ধরণের স্থাপত্য নক্শা ও স্ট্রাকচারাল ডিজাইনে স্থাপনা নির্মাণের পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং প্রকল্প গ্রহণের সময় বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
			২৮.	(গ) বন্যা ও প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকা বিশেষ করে উপকূলীয় এলাকায় স্থাপনা নির্মাণের ক্ষেত্রে দুর্যোগকালে ক্ষয়ক্ষতি যথাসম্ভব সর্বনিম্ন পর্যায়ে রাখা এবং আশ্রয় কেন্দ্র হিসেবে যাতে ব্যবহার যায় সে বিষয়গুলো বিবেচনা করে বিশেষ ধরণের স্থাপত্য নক্শা ও স্ট্রাকচারাল ডিজাইনে স্থাপনা নির্মাণের পরিকল্পনা গ্রহণ করতে হবে।		
২২.	কপোতাক্ষ নদের জলাবদ্ধতা দূরীকরণ (২য় পর্যায়)	পানি সম্পদ মন্ত্রণালয়	২৯.	(খ) নদীরসাথে খালের সংযোগ নিশ্চিত করে পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করতে হবে। পাশাপাশি বিদ্যমান বিল/জলাশয়গুলো অক্ষুণ্ন রাখতে হবে এবং এ উদ্দেশ্যে নিয়মিতভাবে তদারকি করতে হবে।	১৭.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
			৩০.	(গ) স্লুইস গেট নির্মাণ যথাসম্ভব পরিহার করতে হবে। বিদ্যমান স্লুইসগেট কার্যকর রাখার বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।		

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২৩.	গভীর সমুদ্রে টুনা ও সমজাতীয় পেলাজিক মাছ আহরণে পাইলট প্রকল্প	মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রণালয়	৩১.	(খ) গভীর সমুদ্রে মৎস্য আহরণের সুদূরপ্রসারী পরিকল্পনা বিবেচনায় আরো বৃহৎ কলেবর/পরিসরে প্রকল্প গ্রহণ করতে হবে। গভীর সমুদ্রে মৎস্য আহরণে বেসরকারি খাতে বিনিয়োগ উৎসাহিত করার উদ্দেশ্যে সরকারি খাতেবাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের মাধ্যমে প্রকল্প গ্রহণের উদ্যোগ নিতে হবে।	২০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
২৪.	**ইমার্জেন্সী মাল্টি-সেক্টর রোহিঙ্গা ক্রাইসিস রেসপন্স প্রজেক্ট (১ম সংশোধিত)**	**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**	৩২.	(খ) মিয়ানমার থেকে বলপূর্বক বাস্তচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীকে কক্সবাজার আশ্রয়কেন্দ্র হতে যত দ্রুত সম্ভব ভাসানচরে নির্মিত আশ্রয়কেন্দ্রেস্থানান্তর করতে হবে।	২০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
	৬ষ্ঠ সভা, তারিখ: ২৫.০৮.২০২০					
২৫.	মহিষ গবেষণা ও উন্নয়ন	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	৩৩.	(খ) মহিষের জাতের উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির জন্য গবেষণাকে প্রাতিষ্ঠানিক রুপ দেয়ার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২৪.০৯.২০২০ তারিখে অনুমোদন আদেশের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
২৬.	শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১১টি)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের	৩৪.	(খ) যে সকল ফ্রি ল্যান্সার অনলাইন আউটসোর্সিং এর মাধ্যমে অর্থ উপার্জন করে বৈদেশিক মুদ্রা অর্জনে অবদান রাখছেতাদের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদানের নিমিত্ত সার্টিফিকেট প্রদানের লক্ষ্যে তথ্য ওযোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	৩০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট **বিভাগকে** অবহিত করা হয়েছে।	
২৭.	গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ১)মসংশোধিত(	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	৩৫.	(খ) দেশের সিনেমা হলগুলোকে আধুনিক মানের করে গড়ে তোলার লক্ষ্যে তথ্য মন্ত্রণালয় ও তথ্য যোগাযোগ প্রযুক্তি বিভাগ সমন্বিতভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	০৭.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
	৭ম সভা, তারিখ: ০১.০৯.২০২০					
২৮.	মতলব-মেঘনা-ধনাগোদা-বেড়ীবাঁধ (জেড-১০৬৯) সড়ক উন্নয়ন ও সম্প্রসারণ	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৩৬.	(খ) মেঘনা-ধনাগোদা নদীতেবেড়ীবাঁধ ও সড়ক নির্মাণের কারণে পরিবেশের ভারসাম্য বিঘ্নিত হয়েছে কিনা এবং এ বাবদ এ পর্যন্ত কত ব্যয় হয়েছে তা পর্যালোচনা করে বিশ্লেষণ করতে হবে এবং সে মোতাবেক ভবিষ্যতে পরিকল্পনা/প্রকল্প/ কর্মসূচি গ্রহণ করতে হবে। পানি সম্পদ মন্ত্রণালয়ও এ ব্যাপারে একটি স্টাডির মাধ্যমে বিষয়টি বিস্তারিত পরীক্ষা করে দেখবে।	২৭.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
			৩৭.	(গ) এলাকাভেদে সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকল্পে প্রাকৃতিক পরিবেশ, পানি প্রবাহ, নৌ চলাচল, মৎস্য উন্নয়ন, প্রাকৃতিক জলাধার সংরক্ষণ ইত্যাদি বিবেচনা করে এলিভেটেড রাস্তা তৈরি করতে হবে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সম্ভাব্যতা যাচাইসহ বিস্তারিত পরীক্ষা করে প্রকল্প গ্রহণ করতে হবে।		
২৯.	**সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪ লেনে উন্নীতকরণ**	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৩৮.	(ঘ) ঢাকা-সিলেট মহাসড়কে বর্তমান যান চলাচল পরিস্থিতি এবং ভবিষ্যত চাহিদা বিবেচনা করে সড়কটিরসার্ভিস লেনের সম্পূর্ণ অংশই ৫.৫ মিটারে উন্নীত করতে হবে এবং সে মোতাবেক প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। এডিবি'র সাথে আলোচনা অনুযায়ী এডিবি কর্তৃক অর্থায়নের পরিমাণ অপরিবর্তিত রেখে প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ সরকারের তহবিল থেকে অর্থায়ন করা হবে।	২৮.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	
৩০.	সারা দেশে পুকুর খাল উন্নয়ন (১ম সংশোধিত)	**স্থানীয় সরকার বিভাগ**	৩৯.	(খ) একই ধরণের কার্যক্রম সংবলিত অন্যান্য প্রকল্পেরসাথে আলোচ্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট কমিটি/সংস্থার সাথে আলোচনার মাধ্যমে সমন্বয় সাধন করতে হবে।	২৪.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	
			৪০.	(গ) স্থানীয় সরকার বিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়কে সুষ্ঠুভাবে নিজ নিজ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং আন্ত:মন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে সকল ধরণের দ্বৈততা পরিহার নিশ্চিত করতে হবে।		
৩১.	ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ(২য় পর্যায়)(য় সংশোধিত২)	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	৪১.	(গ) মৎস্য সম্পদের সামগ্রিক উন্নয়নের কথা বিবেচনা করে মাছের প্রজনন বৃদ্ধি নিশ্চিত করার জন্য অভয়াশ্রম চিহ্নিত করে তা সংরক্ষণ করতে হবে এবং মৎস্য সম্পদের উন্নয়নের জন্য গবেষণামূলক কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প গ্রহণ করতে হবে।	৩০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	৮ম সভা, তারিখ: ১৫.০৯.২০২০					
৩২.	তারবান রেজিলিয়েন্স প্রজেক্ট (ইউআরপি): (রাজউক অংশ) (১ম সংশোধিত)	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	৪২.	(খ) ০১.০৪.২০১৯ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে করণীয় নির্ধাণের জন্য প্রদত্ত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে আলাপ-আলোচনা করে এবং 'অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন, ২০০৩' এর সাথে সমন্বয় করে 'বিএনবিসি-২০২০' বাস্তবায়নের লক্ষ্যে Implementation Strategy প্রণয়ন করতে হবে।	২৮.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
			৪৩.	(গ) ভূমিকম্প ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষয়ক্ষতি নিরসনকল্পে সরকারি প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধি করতে হবে। এছাড়া, নির্মাণ সম্পর্কিত বিভিন্ন ধরণের মান নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট পরীক্ষার কাজে সংশ্লিষ্টসরকারি প্রতিষ্ঠানগুলোরসক্ষমতা বৃদ্ধি করে নির্ভরশীলতা কমিয়ে আনতে হবে।		
			৪৪.	(ঘ) নির্মাণ সম্পর্কিত গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে এবং ঢাকায় বিদ্যমান গবেষণা প্রতিষ্ঠানটির সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।		
৩৩.	দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	৪৫.	(ঘ) সকল ধরনের দেশী মাছের উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে নিরাপদ প্রজনন সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে অভয়ারণ্য চিহ্নিত করতে হবে এবং প্রজনন ঋতুতে এ সকল অভয়ারণ্যে মাছ ধরা বন্ধ রাখা নিশ্চিত করতে হবে।	৩০.০৯.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
			৪৬.	(ঙ) গবেষণার মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধির পাশাপাশি উৎপাদিত মৎস্য সম্পদ বাজারজাতকরণের ব্যবস্থা করতে হবে।		
	৯ম সভা, তারিখ: ২২.০৯.২০২০					
৩৪.	**জামালপুর জেলার দিগপাইত-সরিষাবাড়ি-তারাকান্দি সড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ**	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৪৭.	(খ) সারাদেশে কি পরিমাণ রাস্তা প্রয়োজন, কি পরিমাণ রাস্তা বিদ্যমান এবং কত রাস্তা নির্মাণ করতে হবে তার একটি হিসাব রাখতে হবে।	১১.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
			৪৮.	(গ) সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য বিদ্যমান মহাপরিকল্পনা অনুযায়ী সড়ক নেটওয়ার্ক সম্প্রসারণের উদ্দেশ্যে প্রকল্প নেয়া হচ্ছে কিনা তা যথাযথভাবে যাচাই-বাছাই করে দেখতে হবে। অপরিকল্পিতভাবে নতুন সড়ক নির্মাণ পরিহার করতে হবে এবং বিদ্যমান সড়কগুলোর মেরামত/সংস্কারসহ নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ ও মজবুতিকরণের মাধ্যমে সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের বিষয়টি বিবেচনা করতে হবে।		
			৪৯.	(ঘ) একান্ত প্রয়োজনহলে নতুন সড়ক নির্মাণ কিংবা বিদ্যমান সড়কের প্রশস্তকরণ/সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সেক্ষেত্রে যথাসম্ভব ন্যূনতম পরিমাণে জমি অধিগ্রহণ করতে হবে।		
৩৫.	সীমান্ত এলাকায় বিজিবি'র ৭৩টি কম্পোজিট/ আধুনিক বর্ডার অবজারভেশন পোস্ট (বিওপি) নির্মাণ	জননিরাপত্তা বিভাগ	৫০.	(গ) প্রতিটি বিওপিকে অবকাঠামোগত ও অন্যান্য সুযোগ-সুবিধাদি বিবেচনায় স্বয়ংসম্পূর্ণ করে তুলতে হবে।	১১.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	
			৫১.	(ঘ) আলোচ্য প্রকল্পের আওতাভুক্ত ৭৩টি বিওপিসহ অন্যান্য সকল বিওপিতে পুকুর কিংবা খালি জায়গা থাকলে তা মাছের চাষ এবং সবজি চাষের উদ্যোগ গ্রহণ করতে হবে।		
৩৬.	৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (১মসংশোধিত)	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	৫২.	(গ) দেশের অভ্যন্তরে এবং বহির্বিশ্বে শ্রম বাজারের চাহিদা পর্যালোচনা করে আমাদের অদক্ষ ও কর্মক্ষম জনগোষ্ঠীকে সময়োপযোগী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে হবে।	০৭.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
৩৭.	ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	৫৩.	(খ) ইলিশ মাছ ধরার সাথে সংশ্লিষ্ট জেলেদের ইলিশ ধরা নিষিদ্ধকালীন বিকল্প আয়ের ব্যবস্থা হিসেবে খাঁচায় মাছের চাষে উদ্বুদ্ধ করতে হবে এবং তাদেরকে উৎপাদিত মাছ বাজারজাতরণসহ প্রয়োজনীয় সকল ধরণের সহযোগিতা প্রদান করতে হবে। বিকল্প আয়ের উপায় হিসেবে হাঁস-মুরগী, ভেড়া, ছাগল পালনের সাথে গাভী পালনেও উদ্বুদ্ধ করতে হবে এবং এ জন্য তাদেরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।	০৭.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩৮.	০৮ টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যাবিশিষ্ট শান্তি নিবাস স্থাপন	সমাজকল্যাণ মন্ত্রণালয়	৫৪.	(গ) প্রকল্প বাস্তবায়ন-উত্তরকালে শান্তি নিবাসগুলো পরিচালনার জন্য নির্দিষ্ট ক্যাটাগরির জনবল সংবলিত কাঠামো নির্ধারণ করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নাধীন থাকা অবস্থায়ই উক্ত কাঠামো অনুযায়ী পদ সৃজনসহ পদগুলো পূরণের জন্য যথাসময়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	০৭.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা	
			৫৫.	(ঘ) বিদ্যমান শান্তি নিবাস এবং প্রস্তাবিত প্রকল্পের আওতায় নির্মিতব্য শান্তি নিবাসগুলোর পরিচালনা কার্যক্রম পর্যালোচনা করে পর্যায়ক্রমে আরো শান্তি নিবাস স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।		
			৫৬.	(ঙ) শান্তি নিবাসে বসবাসকারী প্রবীণদের মধ্যে কর্মক্ষম প্রবীণদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শান্তি নিবাসের অভ্যন্তরেই বিভিন্ন ধরণের অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করতে হবে।		
	১০ম সভা, তারিখ: ২৯.০৯.২০২০					
৩৯.	বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌপরিবহন - -আশুগঞ্জ ও সংযুক্ত নৌ-ঢাকা-চট্টগ্রাম) ১-প্রকল্প পথ খনন এবং টার্মিনালসহ আনুষঙ্গিক ম সংশো১) (স্থাপনাদি নির্মাণধিত(	নৌ-পরিবহন মন্ত্রণালয়	৫৭.	(খ) নদীর পানি দূষণরোধে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিটি লঞ্চ টার্মিনালসহ বাস টার্মিনালেও ক্যাটাগরিক্যালি বর্জ্য ফেলার ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং যথাসময়ে বর্জ্য অপসারণের ব্যবস্থা করতে হবে। যাত্রীবাহী নৌ-যানের অভ্যন্তরে বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ব্যবস্থা নিশ্চিত করতে হবে যাতে কোন ময়লা-আবর্জনা নদীতে না পড়ে।	২০.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
			৫৮.	(গ) নদী পুনঃখনন, নদী তীর প্রতিরক্ষা, নদী ভাঙ্গন রোধ, নদীর নাব্যতা রক্ষা ও জনস্বাস্থ্য বিবেচনায় পানি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগগুলো আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে পরিকল্পিতভাবে ব্যবস্থা গ্রহণ করবে।		
৪০.	মৌজা ও প্লটভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং	ভূমি মন্ত্রণালয়	৫৯.	(খ) জাতীয় সংসদের সংসদীয় আসনের ক্রমানুযায়ী জেলা/উপজেলার তালিকার সাথে আলোচ্য প্রকল্পের আওতাভুক্ত জেলা/উপজেলার তালিকার ক্রমিকের সামঞ্জস্য থাকতে হবে।	০৭.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
			৬০. ৬১. ৬২.	(গ) ভূমি জরিপ, ভূমি রেজিস্ট্রেশন, মিউটেশন ইত্যাদি কার্যক্রম সমন্বিত আকারে ডিজিটাইজড করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। (ঘ) ভূমি ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন হতে হবে এবং অপরিকল্পিতভাবে যত্র তত্র শিল্প কারখানা স্থাপনের প্রবণতা পরিহার করতে হবে। শিল্প কারখানা স্থাপনের জন্য সুনির্দিষ্টভাবে চিহ্নিত/সংরক্ষিত অর্থনৈতিক জোনে শিল্প কারখানা স্থাপন করতে হবে এবং এ সংক্রান্ত অনুমতি/অনুমোদন প্রদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবে। (ঙ) ভূমি জোনিং প্রতিবেদন বাংলায় প্রণয়ন করতে হবে।		
৪১.	ভৈরব নদ পুনঃখনন প্রকল্প (২য় পর্যায়)	পানি সম্পদ মন্ত্রণালয়	৬৩.	(খ) পানির প্রবাহ স্বাভাবিক রাখার উদ্দেশ্যে বিভিন্ন নদী নিয়মিতভাবে পুনঃখননের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২০.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কেঅবহিত করা হয়েছে।	
৪২.	নোয়াখালী জেলার বেগমগঞ্জ, চাটখিল, সেনবাগ ও সোনাইমুড়ি উপজেলার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে খাল পুন:খনন	পানি সম্পদ মন্ত্রণালয়	৬৪.	(খ) যথাসম্ভব দ্রুততার সাথে প্রকল্প এলাকায় বিদ্যমান খালগুলো পুনঃখননের কাজ সম্পন্ন করতে হবে এবং এসব খাল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	০৯.১২.২০২০ তারিখে অনুমোদন আদেশের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
	১১তম সভা, তারিখ: ০৬.১০.২০২০					
৪৩.	জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন ম১) সংশোধিত(	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	৬৫. ৬৬.	(গ) ইতোমধ্যে স্থাপিত পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীর আসন না বাড়িয়ে শিক্ষার মান উন্নয়নের বিষয়ে নজর দিতে হবে। ছাত্র-ছাত্রীর আসন সংখ্যা বৃদ্ধির উদ্দেশ্যে নতুন কোন অবকাঠামো নির্মাণ না করে বিদ্যমান অবকাঠামোগুলোর নিয়মিত সংস্কার/মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হবে। তবে বিদ্যমান কোন ভবন/অবকাঠামো ব্যবহারের অনুপযোগী হলে পুন:নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (ঘ) বিশ্ববিদ্যালয়ে গবেষণা ও প্রকাশনার পরিমাণ ও মান বৃদ্ধির নিমিত্ত যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০৪.১১.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	
৪৪.	**জরুরিভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবেলায় মাল্টি-সেক্টরপ্রকল্প** (১ম সংশোধিত)	**স্থানীয় সরকার বিভাগ**	৬৭.	(গ) কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলার বিভিন্ন জায়গায় স্থাপিত আশ্রয় শিবিরে অবস্থানরতদের যথাসম্ভব দ্রুততার সাথে ভাষাণচরে নির্মিত আশ্রয়শিবিরে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০৪.১১.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪৫.	হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (ফেজ-২	শিল্প মন্ত্রণালয়	৬৮.	(খ) দেশের অভ্যন্তরে এবং বহির্বিশ্বে শ্রম বাজারের চাহিদা পর্যালোচনা করে সে অনুযায়ী দক্ষ জনশক্তি তৈরির উদ্দেশ্যে অন্যান্য এলাকায়ও পর্যায়ক্রমে বিটাকের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রশিক্ষণ কেন্দ্রে মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য হোস্টেলের ব্যবস্থা থাকতে হবে। প্রশিক্ষণ কেন্দ্রের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের জন্য আলাদা প্রকল্প গ্রহণ করতে হবে।	০২.১১.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
	১২তম সভা, তারিখ: ২০.১০.২০২০					
৪৬.	যশোর বিমানবন্দর, সৈয়দপুর বিমানবন্দর ও শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী এর রানওয়ে সারফেসে অ্যাসফল্ট কংক্রিট ওভারলেকরণ	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	৬৯.	(খ) অভ্যন্তরীণ বিমানবন্দরগুলোতে রাতে নিরাপদ/ নির্বিঘ্নে বিমান উড্ডয়ন ও অবতরণের জন্য লাইটিং সিস্টেম (আইএলএস) স্থাপনের জন্য সত্বর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০৯.১১.২০২০ তারিখে অনুমোদন আদেশের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
৪৭.	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন	**স্থানীয় সরকার বিভাগ**	৭০. ৭১. ৭২.	(খ) আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সকল সিটি কর্পোরেশন এলাকায় এবং সকল পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। (গ) সুপেয় পানির উৎসস্থল কিংবা পানি সরবরাহ লাইনের কাছাকাছি কোন বর্জ্য স্তূপাগার রাখা যাবে না। এছাড়া, পর্যায়ক্রমে ইউনিয়ন পর্যায়ে বর্জ্য ব্যবস্থাপনাসহ সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) পদ্ধতিতে বর্জ্য ব্যবস্থাপনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০৮.১১.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে কেঅবহিত করা হয়েছে।	
৪৮.	মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)	**স্থানীয় সরকার বিভাগ**	৭৩. ৭৪.	(খ) স্থানীয় সরকার বিভাগের আওতায় এলজিইডি'র মাধ্যমে রাস্তা নির্মাণের ক্ষেত্রে অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সড়কের গুণগত মান বজায় রাখাসহ নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণের লক্ষ্যে একটি কার্যকর কৌশল নির্ধারণ করতে হবে। (গ) বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নতি এবং ভবিষ্যত প্রয়োজন বিবেচনা করে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা নিয়ে রাস্তার পরিকল্পনা প্রণয়ন ও নির্মাণে মান বজায় রাখতে হবে।	১৫.১১.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।	

প্রকল্পের ক্রমিক নং	প্রকল্পের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	প্রদত্ত নির্দেশনার ক্রমিক নং	একনেক সভায় প্রদত্ত নির্দেশনা	পরিকল্পনা বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪৫.	হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (ফেজ-২	শিল্প মন্ত্রণালয়	৬৮.	(খ) দেশের অভ্যন্তরে এবং বহির্বিশ্বে শ্রম বাজারের চাহিদা পর্যালোচনা করে সে অনুযায়ী দক্ষ জনশক্তি তৈরির উদ্দেশ্যে অন্যান্য এলাকায়ও পর্যায়ক্রমে বিটাকের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রশিক্ষণ কেন্দ্রে মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য হোস্টেলের ব্যবস্থা থাকতে হবে। প্রশিক্ষণ কেন্দ্রের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের জন্য আলাদা প্রকল্প গ্রহণ করতে হবে।	০২.১১.২০২০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
	১২তম সভা, তারিখ: ২০.১০.২০২০					
৪৬.	যশোর বিমানবন্দর, সৈয়দপুর বিমানবন্দর ও শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী এর রানওয়ে সারফেসে অ্যাসফল্ট কংক্রিট ওভারলেকরণ	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	৬৯.	(খ) অভ্যন্তরীণ বিমানবন্দরগুলোতে রাতে নিরাপদ/ নির্বিঘ্নে বিমান উড্ডয়ন ও অবতরণের জন্য লাইটিং সিস্টেম (আইএলএস) স্থাপনের জন্য সত্বর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০৯.১১.২০২০ তারিখে অনুমোদন আদেশের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।	
৪৭.	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন	**স্থানীয় সরকার বিভাগ**	৭০. ৭১. ৭২.	(খ) আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সকল সিটি কর্পোরেশন এলাকায় এবং সকল পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। (গ) সুপেয় পানির উৎসস্থল কিংবা পানি সরবরাহ লাইনের কাছাকাছি কোন বর্জ্য স্তূপাগার রাখা যাবে না। এছাড়া, পর্যায়ক্রমে ইউনিয়ন পর্যায়ে বর্জ্য ব্যবস্থাপনাসহ সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) পদ্ধতিতে বর্জ্য ব্যবস্থাপনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০৮.১১.২০২০ তারিখে সংশ্লিষ্ট বিভাগকে কেঅবহিত করা হয়েছে।	
